

EAM inaugurates the 15th CII-EXIM Bank Africa-India Conclave

September 22, 2020

বিদেশমন্ত্রী 15 তম সিআইআই-এক্সিম ব্যাংক আফ্রিকা-ভারত কনক্লেভের উদ্বোধন করেছেন

সেপ্টেম্বর 22, 2020

22 শে সেপ্টেম্বর 2020 তারিখে বিদেশমন্ত্রী ড. এস. জয়শংকর ভারত-আফ্রিকা প্রকল্প অংশীদারির 15 তম সিআইআই-এক্সিম ব্যাংক ডিজিটাল কনক্লেভে ভার্চুয়ালি উদ্বোধনী ভাষণ প্রদান করেছেন।

উদ্বোধনী অধিবেশনে যে সকল সম্মানীয় অতিথিরা উপস্থিত ছিলেন তারা হলেন লোকতান্ত্রিক গণরাজ্য কঙ্গোর প্রধানমন্ত্রী মহামান্য শ্রী সিলভেস্ট্রা ইলুঙ্গা, মরিশাসের উপ-প্রধানমন্ত্রী মহামান্য ড. মহম্মদ আনোয়ার হুসনু, কেনিয়ার বিদেশ বিষয়ক মন্ত্রকের ক্যাবিনেট সচিব মহামান্য কুমারী রাচেল আওয়ের ওমামো এবং নাইজেরিয়ার শিল্প,বাণিজ্য এবং বিনিয়োগ মন্ত্রকের মন্ত্রী মহামান্য ওটুনবা নিয়ী আদেবায়ো।

ড. জয়শংকর আফ্রিকা-ভারত সম্পর্কের বিস্তারিত বিবরণ প্রদান করেন। ভারতের স্বাধীনতা আন্দোলনের সময় থেকে এবং উপনিবেশিকতাবাদ থেকে আফ্রিকার মুক্তির আন্দোলন এবং বঞ্চনার সময় অবধি আফ্রিকার প্রতি ভারতের অঙ্গীকারবদ্ধতার উপরে তিনি রেখাপাত করেছেন, যাকিনা চারটি স্তরের দ্বারা প্রদর্শিত হয়েছে, যেমন, বিকাশে অংশীদারিত্ব, বাণিজ্য এবং বিনিয়োগ, জনগণের প্রতি জনগণের মজবুত সম্পর্ক, বিশেষ করে আফ্রিকার যুব সম্প্রদায়ের জন্য শিক্ষা এবং ক্ষমতা অর্জনের ক্ষেত্রে, সামরিক এবং সমুদ্র সুরক্ষা।

তিনি লক্ষ্য করেছেন যে, ভারত 37টি আফ্রিকান দেশে 194 টি প্রকল্প সম্পাদন করেছে এবং সাম্প্রতিক কালে 29 টি দেশে 77টি অতিরিক্ত প্রকল্প শেষ করার জন্য কাজ করে চলেছে, যার মোট পরিমাণ 11.6 বিলিয়ন মার্কিন ডলার। প্রকল্পগুলির মধ্যে রয়েছে পরিকাঠামো থেকে শুরু করে আইসিটি প্রকল্প, বিদ্যুৎ উৎপাদন এবং বন্টন থেকে শুরু করে জল এবং সেচ প্রকল্প, রেলওয়ে থেকে শুরু করে সড়ক নির্মাণ, কৃষি থেকে শুরু করে চিনি কল প্রকল্প। তিনি জোরের সাথে বলেছেন যে, ভারত তার নিজ দেশের সর্বোত্তম বিকাশের অভিজ্ঞতাকে আফ্রিকাতে নিয়ে আসতে চায় এবং এর অংশীদারিত্ব স্থানীয় গোষ্ঠীকে নিষ্পেষিত করে নয় বরং সক্ষম করার আকাঙ্ক্ষা রাখে।

বিদেশ মন্ত্রী ভারতের ডিজিটাল যাত্রাকে স্পর্শ করেছেন যেটি শিক্ষা, স্বাস্থ্য পরিচর্যা এবং কল্যাণকারী উপযোগিতা বিতরণের একটি গুণক ছিল এবং এটি কিভাবে আফ্রিকার ক্ষেত্রেও উপযোগী হতে পারে: ই-বিদ্যাভারতী এবং ই-আরোগ্য ভারতীর মাধ্যমে, ভারতের প্রথম সারির শিক্ষা প্রতিষ্ঠান এবং হাসপাতালগুলি 16 টি আফ্রিকান দেশের সাথে যুক্ত হয়েছে দূর-শিক্ষা এবং দূর-চিকিৎসা পরিষেবা দেবার জন্য।

বিশেষত বিদ্যুৎক্ষেত্রে মোজাম্বিকে একটি গ্যাস ফিল্ডে ভারতের 7 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ সেই সাথে দক্ষিণ সুদান , উত্তর এবং পশ্চিম আফ্রিকাতে বিদ্যুৎ ক্ষেত্রে বিনিয়োগের কথা উল্লেখ করে বিদেশমন্ত্রী বিস্তারিতভাবে বলেছেন যে আফ্রিকান দেশগুলিতে শক্তি, খনি, ব্যাংকিং বয়ন এবং অন্যান্য শিল্পে ভারতের বিনিয়োগ কাজের সুযোগ তৈরি করেছে। তিনি আফ্রিকার ছাত্রদের ভারতে স্বাগতকে উল্লেখ করেছেন, যারা তাদের স্নাতক স্তরের শিক্ষা, সেই সহ অযুত সংখ্যার বিশ্বের উপরে স্বল্প-মেয়াদী শিক্ষা গ্রহণ করতে আসেন; আফ্রিকায় ছড়িয়ে থাকা ভারতীয়-বংশদ্ভূতদের আফ্রিকা মহাদেশের মানব পুঁজী এবং আফ্রিকার দ্বারা প্রদত্ত আতিথেয়তাদের অবদানের কথা উল্লেখ করেছেন।

বিদেশমন্ত্রী স্বীকার করেছেন যে 21শতকে ভারত ও আফ্রিকার সৃষ্টি হল সামরিক এবং সুরক্ষা সহযোগিতা । বিভিন্ন আফ্রিকান দেশে স্টাফ এবং কমান্ড কলেজ স্থাপনে ভারত সাহায্য করেছে এবং হাজারো অফিসার ও সৈনিকদের ভারতীয় সামরিক প্রতিষ্ঠানে প্রশিক্ষণ দিয়েছে। আফ্রিকায় ভারতের শান্তিরক্ষা বাহিনীর কাজের খতিয়ান প্রশংসিত হয়েছে এবং এখন এইচএডিআর মিশন সহ সমুদ্র সুরক্ষা হল নতুন দিগন্ত।

আফ্রিকার নেতৃবৃন্দ আফ্রিকার দেশগুলিতে কোভিড সম্পর্কিত ওষুধ এবং ডাক্তার প্রেরণের জন্য ভারতের মহানুভবতার প্রশংসা করেছেন। কয়েকজন মন্ত্রী তাদের দেশের কয়েকটি নির্দিষ্ট প্রকল্পের কথা উল্লেখ করেছেন যেগুলি ভারতের ঋণী সহায়তায় অথবা ভারত সরকারের সুবিধা জনক ঋণের সহায়তায় তৈরি হয়েছে। তাদের নাগরিকদের ভারত দ্বারা ক্ষমতা -অর্জনের কার্যক্রমের কথা উষ্কর্থে বলেছেন।

আফ্রিকার মন্ত্রীরা অতিমারির বিরূপ প্রভাব এবং কয়েকটি দেশে এই প্রথম আর্থিক মন্দার কথা ছুঁয়ে গেছেন । তারা 2019 -এ আফ্রিকা মহাদেশীয় উন্মুক্ত বাণিজ্য চুক্তি (এএফসিএফটিএ) চালু হবার বিষয়ে তাদের সন্তোষ ব্যক্ত করেছেন এবং মহাদেশ ব্যাপী বাজারের প্রতিষ্ঠার মাধ্যমে তাদের দেশে কাজের সুযোগ এবং বিনিয়োগ বৃদ্ধির প্রতি তাদের উচ্চাকাংখা ব্যক্ত করেছেন। বিদেশ মন্ত্রী তার বক্তব্যে এই গুরুত্বপূর্ণ এফটিএ-র কাজ শুরু হওয়াকে স্বাগত জানিয়েছেন এবং স্মরণ করেছেন যে, 2019 জুলাইয়ে নাইজের-এর এইউ শীর্ষ সম্মেলনের পরে এটি তার কার্যকাল শুরু করে, যার অনেকগুলি অধিবেশন মহাত্মা গান্ধী আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে হয়েছিল, যেটি একটি স্টেট - অব - আর্ট কনভেনশন সেন্টার যা ভারত সরকারের ঋণ সহায়তায় তৈরি হয়েছিল।

শ্রী উদয় কোটাক, সভাপতি, সিআইআই, এবং শ্রী ডেভিড রাস্কুইনহা, ম্যানেজিং ডিরেক্টর এশ্বিম ব্যাংক অব ইন্ডিয়া , কনক্লেভের সংগঠক ও উদ্বোধনী অধিবেশনে ভাষণ প্রদান করেছেন। আফ্রিকা - ভারত কনক্লেভ আগামী দুদিন ধরে চলবে এবং 27 জন মন্ত্রী তাদের ভাষণ প্রদান করবেন যাকিনা 15 বছরের ইতিহাসে সর্ববৃহৎ সংখ্যার মন্ত্রী স্তরীয় অংশগ্রহণ।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 22, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.